তারিখ ... 26.2.83 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 7 ...

দৈনিক বাংলা

0L 099



ইউনেস্কোর মহাপরিচালক মিঃ আমাদ্‌ মাহতার ম'বো শুক্রবার জিয়া আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করলে তাঁকে অভ্যর্থনা জানান শিক্ষা ও ধর্ম বিষয়ক মন্ত্রী ডঃ এ মজিদ খান

# বাংলাদেশ ইউনেস্কোর সর্বাত্মক সহযোগিতা পাবেঃ ম'বো

ইউনেস্কোর মহাপরিচালক মিঃ আমাদ্‌ মাহতার ম'বো বলেন যে তাঁর সংগঠন শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়নে বাংলাদেশের প্রচেষ্টায় সম্ভাব্য সব রকম সাহায্য ও সহযোগিতা দেবে।

বাসস জানায় যে মিঃ ম'বো শুক্রবার রাতে স্থানীয় একটি হোটেলে তাঁর সম্মানে শিক্ষা ও ধর্মবিষয়ক মন্ত্রী ডঃ আবদুল মজিদ খান আয়োজিত এক নৈশ ভোজে ভাষণ দিচ্ছিলেন।

উন্নয়নশীল দেশসমূহে বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়নে ব্যাপক প্রচেষ্টার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করে মহাপরিচালক বলেন যে বাংলাদেশ এ ব্যাপারে ইউনেস্কোর কাছ থেকে সর্বাত্মক সহযোগিতা পাবে।

মিঃ ম'বো বলেন যে এদেশের সমস্যাবলী আরো নিবিড়ভাবে অনুধাবনের সংকল্প নিয়ে তিনি দ্বিতীয়বার এখানে আগমন করেছেন। তিনি কয়েক বছর আগে তাঁর প্রথম সফরের পর এখানকার জনগণের অগ্রগতির প্রশংসা করেন।

পূর্বাহ্নে শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান তার স্বাগত ভাষণে বলেন যে বাংলাদেশ ইউনেস্কোর নীতিমালা সমুন্নত রাখতে পূর্ণ প্রতিশ্রুতিবদ্ধ। বাংলাদেশ শিক্ষা, বিজ্ঞান, সংস্কৃতি ও যোগাযোগের বিভিন্ন ক্ষেত্রে ইউনেস্কোর তৎপরতা পুরোপুরি অনুমোদন করে।

ডঃ খান ঢাকায় ইউনেস্কোর উপ-আঞ্চলিক অফিস স্থাপনের বাংলাদেশের দাবীর পুনরুল্লেখ করেন এবং বলেন, আমরা বিশ্বাস করি যে শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তির জন্যে ঢাকায় একটি উপ-আঞ্চলিক অফিস স্থাপনের মাধ্যমে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার উন্নয়নশীল দেশগুলোর স্বার্থরক্ষা করা যেতে পারে।

মন্ত্রিমন্ডলী, বিদেশী কূটনীতিক এবং উচ্চপদস্থ সামরিক কর্মকর্তাগণ নৈশভোজে উপস্থিত ছিলেন।

মিঃ ম'বো গতকাল সন্ধ্যায় বঙ্গভবনে প্রেসিডেন্ট বিচারপতি জনাব আহসানউদ্দীন চৌধুরীর সঙ্গে দেখা

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ম'বো

(১ম পৃঃ পর)

করেন। এ সময় শিক্ষামন্ত্রী ডঃ এ মজিদ খানও তাঁর সঙ্গে ছিলেন।

**বিমান বন্দরে**

ইউনেস্কোর মহাপরিচালক জনাব আমাদ্‌ মাহতার ম'বো বলেছেন, শিক্ষা, সংস্কৃতি বিজ্ঞান প্রযুক্তি ও গণসংযোগের ক্ষেত্রে বাংলাদেশ ও ইউনেস্কোর মধ্যে সহযোগিতা আরও জোরদার হবে।

বাসসর খবরে প্রকাশ শিক্ষামন্ত্রী জনাব আবদুল মজিদ খানের আমন্ত্রণে জনাব ম'বো পাঁচ দিনের সফরে শুক্রবার ঢাকায় আসেন। বিমানবন্দরে সাংবাদিকদের তিনি বলেন, বাংলাদেশ ও ইউনেস্কোর মধ্যে আগে থেকেই বিরাট সহযোগিতা বিরাজ করছে এবং তার সফর এ সহযোগিতাকে আরও জোরদার করে তুলতে অত্যন্ত কার্যকর হবে।

শিক্ষামন্ত্রী ডঃ খান বিমানবন্দরে ইউনেস্কো মহাপরিচালককে অভ্যর্থনা জানান। ইউএনডিপির আবাসিক প্রতিনিধি ও অন্যান্য সরকারী কর্মকর্তাও বিমানবন্দরে উপস্থিত ছিলেন।

ঢাকায় ইউনেস্কোর উপ-আঞ্চলিক অফিস স্থাপনের জন্য বাংলাদেশের প্রস্তাব ইউনেস্কো বিবেচনা করছে কিনা এই প্রশ্নের জবাবে জনাব ম'বো বলেন; তার ঢাকায় অবস্থানকালে এ বিষয়ে আলোচনা হবে। তিনি একাই এ ব্যাপারে সিদ্ধান্ত নিতে পারবেন না।

এক প্রশ্নের জবাবে জনাব ম'বো বলেন, বাংলাদেশ সংবাদ সংস্থার নেটওয়ার্ককে শক্তিশালী করার জন্য ৩০ কিলোওয়াট ট্রান্সমিটার দেয়ার ব্যাপারে বাংলাদেশের প্রস্তাবটি আন্তর্জাতিক যোগাযোগ উন্নয়ন কার্যক্রমের আন্ত সরকারী পরিষদের পরবর্তী বৈঠকে পরীক্ষা করে দেখা হবে তিনি আশা প্রকাশ করেন যে ইউনেস্কো এবং বিশ্বসমাজ এ ব্যাপারে বাংলাদেশের সঙ্গে সহযোগিতা করতে পারবে।

জনাব ম'বো এখানকার কর্মকর্তাদের সঙ্গে আনুষ্ঠানিক আলোচনায় মিলিত হবেন সমঝোতা স্মারক এবং মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট সংক্রান্ত একটি চুক্তিতে স্বাক্ষর করবেন। এছাড়াও তিনি প্রেসিডেন্ট আহসান উদ্দীন চৌধুরী, প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদ, পররাষ্ট্র, শিক্ষা ও তথ্য ও অর্থমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করবেন।

## আজ মাহতার ম'বোর সংবর্ধনা

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ জাতিসংঘ সমিতির উদ্যোগে আজ শনিবার সন্ধ্যা ৬টায় হোটেল পূর্বাণীতে ইউনেস্কোর মহাপরিচালক মিঃ আমাদ্‌ মাহতার মবো-র এক সংবর্ধনা অনুষ্ঠিত হবে।